



কর্মসংস্থান ব্যাংক

প্রধান কার্যালয়

১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

ঋণ আদায়, আইন ও গবেষণা বিভাগ

অপারেশন পরিপত্র নং-০৮/২০১১

তারিখ : ৩০.১১.২০১১

সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : সুদ মওকুফ নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

পরিচালনা বোর্ডের ২৮.১১.২০০৫ তারিখের ৯৮তম সভার অনুমোদনক্রমে পরিচালন বিভাগের ০২.০২.২০০৬ তারিখের অপারেশন পরিপত্র নং-০১/২০০৬/৮৩০(৯২) এর মাধ্যমে 'সুদ মওকুফ সংক্রান্ত নীতিমালা' এবং পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে পরিচালন বিভাগের ১৪.০৫.২০০৭ তারিখের অপারেশন পরিপত্র নং-০১/২০০৭ এর মাধ্যমে সুদ মওকুফের সংশোধিত নীতিমালা জারী করা হয়। পরবর্তীতে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে ঋণ আদায়, আইন ও গবেষণা বিভাগের ২৪.০৫.২০১১ তারিখের কেবি/প্রকা/ঋআবি-০১/২০১০-২০১১/১১২ এর মাধ্যমে সুদ মওকুফ কমিটি পুনর্গঠন করা হয়। সুদ মওকুফ নীতিমালার আওতায় ব্যাংকের নিজস্ব তহবিলের ঋণ কর্মসূচীসহ অন্যান্য কর্মসূচী অন্তর্ভুক্তিকরণ এবং সুদ মওকুফ প্রদানের ক্ষমতা পুনর্নির্ধারণের জন্য ১৭.১১.২০১১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ১৭২তম সভায় সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে পরিচালনা বোর্ড কর্তৃক তা অনুমোদিত হয়।

২। পরিচালনা বোর্ডের অনুমোদন অনুযায়ী ইতঃপূর্বে সুদ মওকুফ সংক্রান্ত জারীকৃত অপারেশন পরিপত্র/লেটারে উল্লেখিত নির্দেশনা সমূহ একীভূতকরে এতদসংক্রান্ত একটি পূর্ণাঙ্গ সংশোধিত নীতিমালা জারী করা হলো। সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত নির্দেশণাবলী / নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করার জন্য পরামর্শ দেয় হলো। এ অপারেশন পরিপত্র জারীর ফলে উপরে উল্লেখিত অপারেশন পরিপত্র / লেটারসমূহ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৩। কোন ক্যাটাগরীর ঋণ সুদ মওকুফের আওতায় আসবে :

- (ক) ঋণ গ্রহীতার মৃত্যু হলে ;
- (খ) প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদী ভাঙ্গন বা এ ধরনের দুর্দশার কারণে প্রকল্প ক্ষতিগ্রস্ত হলে ;
- (গ) অন্য কোন যুক্তিসঙ্গত কারণে প্রকল্প ক্ষতিগ্রস্ত হলে।

৪। সুদ মওকুফের সময় বিবেচ্য বিষয়সমূহ :

- ক) ঋণটি নিম্নমান, সন্দেহজনক বা মন্দ (Sub-standard, Doubtful or Bad) হিসেবে শ্রেণী বিন্যাসিত হতে হ
- (খ) মূল ঋণ, মামলা খরচ ও অন্যান্য খরচ মওকুফযোগ্য হবে না ;
- (গ) ব্যাংকের নিজস্ব তহবিলের ঋণ কর্মসূচীসহ অন্যান্য কর্মসূচীর ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে। তবে, ভিত্তিক শিল্প ঋণের আওতায় এই সুদ মওকুফ প্রযোজ্য হবে শুধু মাত্র ব্যাংকের প্রাপ্য/প্রাপ্ত সুদের অর্থাৎ ব্যাংক আয় খাতে অন্তর্ভুক্ত ৩% মাত্র মওকুফযোগ্য হবে।

৫। সুদ মওকুফের সর্বোচ্চ সীমা :

- ক) সাধারণ ক্ষেত্রে আরোপিত সুদ থেকে Cost of Fund recovery নিশ্চিত করে অবশিষ্ট আরোপিত সুদ অনারোপিত সুদের ১০০ % ;
- (খ) কেবলমাত্র ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা বা তার চেয়ে কম ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ঋণ গ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্ভাগ্য, মড়ক, নদী-ভাঙ্গন বা এ ধরনের দুর্দশার কারণে আরোপিত সুদ থেকে Cost of Fund recovery নিশ্চিত শর্তাবলী শিথিলযোগ্য।

